# শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং-রেজি/নিয়োগ/১০৭/২০২০/পার্ট-১/৫/৯২

তারিখ : ২৭ এপ্রিল, ২০২১

## নিয়োগ বিজ্ঞপ্তি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট-এর ইংরেজি বিভাগের জন্য অধ্যাপকের ০১(এক)টি এবং নৃ-বিজ্ঞান বিভাগের জন্য সহযোগী অধ্যাপকের ০১(এক)টি পদে শিক্ষক নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের কাছ থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

__বেতন স্কেল :__
অধ্যাপক : ৫৬৫০০-৭৪৪০০/=
সহযোগী অধ্যাপক : ৫০০০০-৭১২০০/=

__আবেদনপত্র জমাদান :__
রেজিস্ট্রারের অনুকূলে সিলেট শহরের যে কোন তফসিলী ব্যাংকের শাখার উপর উক্ত পদের জন্য ৭০০/= (সাতশত) টাকার এমআইসিআর ব্যাংক ড্রাফট অথবা সমমূল্যের পে-অর্ডার (পোস্টাল অর্ডার গ্রহণযোগ্য নয়), পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি সত্যায়িত ছবি, সকল সনদপত্র/প্রশংসাপত্রের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে। ১১ সেট দরখাস্ত (তন্মধ্যে ২সেট ইংরেজীতে) আগামী ১০ জুন, ২০২১ তারিখের মধ্যে রেজিস্ট্রার অফিসে পৌঁছাতে হবে। আবেদন ফরম অফিস চলাকালীন রেজিস্ট্রার দপ্তর থেকে সরাসরি অথবা ১০ (দশ) টাকা মূল্যের অব্যবহৃত ডাকটিকেটসহ নিজ ঠিকানা সম্বলিত খাম পাঠিয়ে সংগ্রহ করা যাবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.sust.edu) থেকেও আবেদন ফরম ডাউনলোড করা যাবে। কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। অসম্পূর্ণ আবেদন বিবেচনা করা হবে না। খামের উপর অবশ্যই স্পষ্ট অক্ষরে সংশ্লিষ্ট পদের নাম উল্লেখ করতে হবে। ডাক যোগাযোগজনিত বিলম্বের কারণে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ দায়ী থাকবে না। আবেদনপত্র জমাদানের শেষ তারিখের পর কোন আবেদন গ্রহণ করা হবে না/বিবেচনা করা হবে না।

আবেদনের সাথে প্রার্থীর প্রকাশনাসমূহের হার্ডকপি ও সফট কপি জমা দিতে হবে। তবে Scopus/ISI indexing ছাড়া অন্যান্য জার্নালে প্রকাশিত প্রকাশনাসমূহের সফটকপি TURNITIN সফটওয়ার দ্বারা যাচাই করে রিপোর্টসহ জমা দিতে হবে। সফটকপি khangiash@yahoo.com ই-মেইল এড্রেসে পাঠাতে হবে।

যোগ্যতা ও অভিজ্ঞতার কপি কেন্দ্রীয় ডেসপাচ থেকে সংগ্রহ করতে হবে। অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধি বিধান প্রযোজ্য হবে।

(মুহাম্মদ ইশফাকুল হোসেন)
রেজিস্ট্রার

<u>সহযোগী অধ্যাপক পদে নিয়োগ/ আপগ্রেডেশন সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা :</u>

প্রার্থীদের সর্বমোট ১৫ (পনের) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা" থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ১১(এগার) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা"** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ") সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে সহকারী অধ্যাপক থাকাকালীন ২ (দুই) টি প্রকাশনা" থাকতে হবে। তবে সহকারী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। তবে উক্ত ২(দুই) টি প্রকাশনা পরবর্তী পদোন্নতির ক্ষেত্রে গণনাযোগ্য হবে না।

**অথবা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে এম.ফিল বা নূন্যতম ৩ (তিন) সেমিস্টার বাপ্ত মাস্টার্স ডিগ্রী বা অতিরিক্ত মাস্টার্স ডিগ্রী বা সমমান ডিগ্রীসহ ১০ (দশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার অভিজ্ঞতা থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ৩(তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা"** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ") সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা" থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ" প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চাপটার একটি প্রকাশনার সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না। তবে সহকারী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন তবে উক্ত ২(দুই) টি প্রবন্ধ পরবর্তী পদোন্নতির ক্ষেত্রে গণনাযোগ্য হবে না।

**অথবা**

প্রার্থীদের বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রীসহ ৭ (সাত) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা" থাকতে হবে। তন্মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা"** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ") সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা" থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ" প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক/ বুক চ্যাপটার হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপটার একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

**অথবা**

যে সকল প্রার্থী পাবলিক বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে যোগদান করেছেন তাঁদের ৫ (পাঁচ) বছরের **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা"** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ") (নূন্যতম যোগ্যতা অর্জনের ক্ষেত্রে পিএইচ.ডি ডিগ্রী বা অন্য কোন ডিগ্রী ব্যবহার হয়ে থাকলে ৬ (ছয়) বছরের) স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা" থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা" থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ" প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপ্টার একটি গবেষণা প্রবন্ধের সমতুল বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

**অথবা**

যে সকল প্রার্থী পাবলিক বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে যোগদান করেছেন তাঁদের ৬ (ছয়) বছরের (নূন্যতম যোগ্যতা অর্জনের ক্ষেত্রে পিএইচ.ডি ডিগ্রী বা অন্য কোন ডিগ্রী ব্যবহার হয়ে থাকলে ৭ (সাত) বছরের) স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা" থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর (১ (এক) বছর অত্র **বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা"** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ") সহকারী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা" থাকতে হবে। সহকারী অধ্যাপক হিসেবে ২ (দুই) টি প্রকাশনাসহ" প্রার্থীর কমপক্ষে ৩(তিন) টি প্রকাশনা থাকতে হবে। খ্যাতনামা প্রকাশনা সংস্থা থেকে প্রকাশিত মৌলিক গবেষণা গ্রন্থ/ বিশ্ববিদ্যালয় পর্যায়ে পাঠ্যপুস্তক হিসাবে গ্রহণ করা যায় এমন গ্রন্থ/ বুক চ্যাপ্টার একটি গবেষণা প্রবন্ধের সমতুল্য বলে বিবেচিত হবে, তবে এ ধরণের প্রকাশনা একটির বেশি বিবেচিত হবে না।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা

* অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে তবে তা সর্বোচ্চ ৪ (চার) বছর গণ্য হবে এবং স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় বিশ্ববিদ্যালয়/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়/ সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে, **তবে তা সর্বোচ্চ ২ (দুই) বছর গণ্য হবে। খণ্ডকালীন চাকুরীর অভিজ্ঞতা গ্রহনযোগ্য হবে না।** সক্রিয় চাকুরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা কে বুঝাবে।

* প্রকাশনা বলতে দেশে বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বুঝাবে।

* প্রতিটি পেটেন্ট একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে।

* বুক চ্যাপটার বলতে স্বীকৃত গবেষণা সংস্থা কর্তৃক প্রকাশিত (সম্পাদিত) বইয়ের Peer reviewed বুক চ্যাপটার বুঝাবে।

অধ্যাপক পদে নিয়োগ/ আপগ্রেডেশন সম্পর্কিত যোগ্যতা ও অভিজ্ঞতা :

প্রার্থীদের সর্বমোট ২০ (বিশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৫(পাঁচ) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা* থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ০৬ (ছয়) টি প্রকাশনা* থাকতে হবে। তন্মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ২ (দুই)টি প্রকাশনা থাকতে হবে, তবে সহযোগী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। এই রেয়াত প্রার্থী সহযোগী অধ্যাপক পদে পেয়ে থাকলে এ ক্ষেত্রে প্রাপ্য হবেন না। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে কোন সুবিধার জন্য এ দুটি প্রবন্ধ প্রদর্শন করা যাবে না।

**অথবা**

প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে এম.ফিল বা নূন্যতম ৩ (তিন) সেমিস্টার ব্যাপ্ত মাস্টার্স ডিগ্রী বা অতিরিক্ত মাস্টার্স ডিগ্রী বা সমমান ডিগ্রীসহ ১৫ (পনের) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৫ (পাঁচ) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা* থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৬ (ছয়) টি প্রকাশনা* থাকতে হবে। তন্মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ২ (দুই) টি প্রকাশনা থাকতে হবে। তবে সহযোগী অধ্যাপক থাকাকালীন অতিরিক্ত ২ (দুই) টি প্রকাশনায় প্রধান গবেষক হিসেবে থাকলে প্রার্থী সর্বোচ্চ ১ (এক) বছর রেয়াত সুবিধা পাবেন। এই রেয়াত প্রার্থী সহযোগী অধ্যাপক পদে পেয়ে থাকলে এ ক্ষেত্রে প্রাপ্য হবেন না। পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ে কোন সুবিধার জন্য এ দুটি প্রবন্ধ প্রদর্শন করা যাবে না।

**অথবা**

প্রার্থীদের স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রীসহ ১২ (বার) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা* থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা* থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

**অথবা**

যে সকল প্রার্থী স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনষ্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রী নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে সহকারী অধ্যাপক পদে যোগদান করেছেন তাঁদের ১০ (দশ) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতার/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা* থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা*** অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে নূন্যতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ*) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা* থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট) টি প্রকাশনা* থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

অপর পৃষ্ঠা দ্রষ্টব্য

**অথবা**

যে সকল প্রার্থী স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ ইনস্টিটিউট থেকে পিএইচ.ডি বা সমমান ডিগ্রি নিয়ে এ বিশ্ববিদ্যালয়ে প্রভাষক পদে যোগদান করেছেন তাঁদের ১১ (এগার) বছর এবং যারা প্রভাষক হিসেবে যোগদানের ক্ষেত্রে পিএইচ.ডি বা সমমান ডিগ্রীকে ন্যূনতম যোগ্যতা হিসাবে কাজে লাগিয়েছেন তাদের ক্ষেত্রে ১২ (বার) বছরের স্নাতক (সম্মান) বা স্নাতকোত্তর পর্যায়ে শিক্ষকতায়/ স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানে গবেষণার অভিজ্ঞতা[*7] থাকতে হবে। তার মধ্যে কমপক্ষে ৩ (তিন) বছর **(১ (এক) বছর অত্র বিশ্ববিদ্যালয়ে সক্রিয় চাকুরির অভিজ্ঞতা**[*7] অথবা স্ব-স্ব ক্ষেত্রে অত্র বিশ্ববিদ্যালয়ে ন্যূনতম মোট অভিজ্ঞতার ৫০% সময়কাল সক্রিয় চাকুরীর অভিজ্ঞতাসহ[*7]) সহযোগী অধ্যাপক পদে শিক্ষকতার অভিজ্ঞতা[*7] থাকতে হবে। প্রার্থীর কমপক্ষে ৮ (আট)টি প্রকাশনা[*8] থাকতে হবে। তার মধ্যে সহযোগী অধ্যাপক থাকাকালীন ৩ (তিন) টি প্রকাশনা থাকতে হবে।

<u>*চিহ্নিত বিভিন্ন শব্দের ব্যাখ্যা</u>

*[7] অভিজ্ঞতা বলতে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে পূর্ণ অভিজ্ঞতা (১০০%) হিসাবে গণ্য হবে, অন্যান্য পাবলিক বিশ্ববিদ্যালয়ের অভিজ্ঞতার সময়কালকে ৭৫% হিসাবে গণ্য করা হবে এবং স্নাতক (সম্মান) এবং মাস্টার্স পর্যায়ে শিক্ষাপ্রদানকারী জাতীয় বিশ্ববিদ্যালয়/ প্রাইভেট বিশ্ববিদ্যালয়/ সরকার বা বিশ্ববিদ্যালয় স্বীকৃত গবেষণা প্রতিষ্ঠানের অভিজ্ঞতার সময়কালকে ৫০% হিসাবে গণ্য করা হবে, **তবে তা সর্বোচ্চ ২ (দুই) বছর গণ্য হবে। খণ্ডকালীন চাকুরীর অভিজ্ঞতা গ্রহণযোগ্য হবে না।** সক্রিয় চাকুরি বলতে এই বিশ্ববিদ্যালয়ে অবস্থান করে প্রত্যক্ষ শিক্ষকতার অভিজ্ঞতা কে বুঝাবে।

*[8] প্রকাশনা বলতে দেশে-বিদেশে স্বীকৃত Peer reviewed জার্নাল বুঝাবে।

*[10] প্রতিটি পেটেন্ট/ বুক চ্যাপ্টার একটি প্রবন্ধের সমতুল্য হিসেবে গণ্য হবে। (বুক চ্যাপ্টার এর ক্ষেত্রে সর্বোচ্চ দুটি বিবেচিত হবে।

*[11] বুক চ্যাপটার বলতে স্বীকৃত গবেষণা সংস্থা কর্তৃক প্রকাশিত (সম্পাদিত) বইয়ের Peer reviewed বুক চ্যাপটার বুঝাবে।

রেজিস্ট্রার
শাবিপ্রবি